

ভোনের কাজ

তারিখ	.....
পূর্তা	.....
কসাম	.....

### মাদ্রাসা শিক্ষকদের ডিসেম্বর মাসের অনুদানের চেক ও এমপিও পাঠানো হয়েছে

দেশের সরকারি অনুদানভুক্ত স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসাসমূহের শিক্ষকদের ২০০১ সালের ডিসেম্বর মাসের বেতন বাবদ দেয় অনুদানের টাকা, চেক এবং এমপিও সংশ্লিষ্ট ব্যাংকগুলোতে পাঠানো হয়েছে। সরকারি অনুদানভুক্ত স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার প্রধানগণ টাকা বন্টনকারী সংশ্লিষ্ট ব্যাংকসমূহের সঙ্গে যোগাযোগ করে টাকা উত্তোলন করতে পারবেন। এ টাকা ৩১ জানুয়ারির মধ্যে দিয়ে দেওয়ার জন্য ব্যাংকসমূহকে নির্দেশ দেওয়া হয়েছে। তদা নিবরণী।

যে সকল স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার শিক্ষকরা সঙ্গত কারণে বর্তমান অর্থবছরের জুলাই থেকে নভেম্বর পর্যন্ত সময়ের টাকা নির্ধারিত সময়সীমার মধ্যে উত্তোলন করতে পারেননি তারাও উক্ত সময়ের টাকা এক সঙ্গে উত্তোলন করতে পারবেন।